



DU in Media

12 September 2025

২৮ ভাদ্র ১৪৩২

প্রথম আলো

9/12/25, 1:11 PM

ডাকসু নির্বাচনের মাধ্যমে শিক্ষার্থীদের মতামত প্রকাশের সুযোগ সৃষ্টি হয়েছে: উপাচার্য | প্রথম আলো


প্রথম আলোর বিভিন্ন এলাই পেজে যান!

বাংলাদেশ

ডাকসু নির্বাচনের মাধ্যমে শিক্ষার্থীদের মতামত প্রকাশের সুযোগ সৃষ্টি হয়েছে: উপাচার্য

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ১১ সেপ্টেম্বর ২০২৫, ২২: ২৪



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমেদ খান। ছবি: হাব

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন সফলভাবে সম্পন্ন হওয়ায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, নির্বাচনের প্রার্থী, গণমাধ্যমকর্মী, অহিন্দুজ্বলা রক্ষাকারী বাহিনী এবং নির্বাচনী প্রক্রিয়ার সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছেন উপাচার্য।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমেদ খান বলেছেন, ডাকসু নির্বাচনের মাধ্যমে শিক্ষার্থীদের মতামত প্রকাশের সুযোগ সৃষ্টি হয়েছে। এ ছাড়া বিজ্ঞানীরা বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে কাজ করার যে সুযোগ পেয়েছেন, সেটি তারা পুরোপুরি কাজে লাগাবেন বলে আশা প্রকাশ করেন উপাচার্য।

আজ বুধবারের সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) মোহাম্মদ রফিকুল ইসলামের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এসব কথা বলা হয়। ৯ সেপ্টেম্বর ডাকসু ও হল সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়।

নির্বাচন কমিশনের প্রশংসা করে উপাচার্য বলেন, নির্বাচন কমিশন প্রকৃত অর্থেই দিন ও রাত জেগে কাজ করেছে। গত ১১ মাসব্যাপী এই আয়োজনে আমার সহকর্মীরা অভাস্ত আন্তরিকতার সঙ্গে কাজ করেছেন। তারা প্রতিটি পদক্ষেপ ও পরিকল্পনা পূঙ্জানুপূঙ্জভাবে দেখেছেন, বাস্তবায়ন করেছেন। তাদের ভূমিকা যেকোনো বিবেচনায় অনবদ্য।

9/12/25, 1:11 PM

ডাকসু নির্বাচনের মাধ্যমে শিক্ষার্থীদের মতামত প্রকাশের সুযোগ সৃষ্টি হয়েছে: উপাচার্য | প্রথম আলো

অধ্যাপক নিয়াজ আহমেদ খান

জামিই বিভিন্ন অংশীজনের স জনতার অভ্যুত্থানের প্রতি ও এ

নির্বাচনের সব পর্যায়ে স্বতঃস্ফূর্ত ছাড়া নির্বাচনে দায়িত্ব পালনকালে 'চ্যানেল এস'-এর সাংবাদিক তারিকুল ইসলাম শিবলীর মৃত্যুতে শোক ও তাঁর আত্মার মাগফিরাত কামনা করেন তিনি।

বিজ্ঞানী এবং বিজ্ঞিত প্রার্থীদের শুভকামনা জানিয়ে উপাচার্য বলেন, দুটি কারণে তাদের প্রত্যেকের গুরুত্বপূর্ণ অবদান উল্লেখ করা জরুরি। প্রথমত তারা ডাকসুর মতো অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি প্রতিষ্ঠানকে সক্রিয়করণে ভূমিকা রেখেছেন। দ্বিতীয়ত নির্বাচনের প্রক্রিয়া পূর্বে থেকে নির্বাচন অনুষ্ঠানের দিন পর্যন্ত পরামর্শসহিত প্রদর্শনের মাধ্যমে বড়মাপের সংঘাত ছাড়া তারা একসঙ্গে ছিলেন। এর মাধ্য দিয়ে একটি চমৎকার উদাহরণ তারা তৈরি করেছেন।

ছিল। এই দাবির প্রতি সম্মান
।। এটিকে আমরা ছাত্র-
দখি।
তজ্ঞতা প্রকাশ করেন। এ



সমকাল

আলোকিত বাংলাদেশ

জাতীয় নির্বাচনের
'টেস্ট' ছিল
ডাকসু: প্রেস সচিব

নিজস্ব বার্তা পরিবেশক

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন কেমন হতে পারে, ডাকসু (ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ) নির্বাচন তার একটি বড় 'টেস্ট' ছিল বলে মন্তব্য করেছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম।

এই টেস্টে রাজনৈতিক দল, সুধী সমাজ ও শিক্ষার্থীরা ভালোভাবে উত্তরণ করেছেন মন্তব্য করে তিনি বলেন, আইনশৃঙ্খলা সংক্রান্ত একটি ঘটনাও ডাকসু নির্বাচনে ঘটেছিল।

গতকাল রাজধানীর সিরাজপা মিলনায়তনে 'সুষ্ঠু নির্বাচনের জন্য প্রত্যাশা ও চ্যালেঞ্জ: সফল নির্বাচন আয়োজনে সরকার, রাজনৈতিক দল ও নাগরিক সমাজের করণীয়' শীর্ষক এক মতবিনিময় সভায় প্রধান উপদেষ্টার প্রেস সচিব এ মন্তব্য করেন।

নাগরিক প্র্যাটফর্ম 'নাগরিক কোয়ালিশন' আয়োজিত সভায় বিভিন্ন রাজনৈতিক দলের নেতা ও নাগরিক সমাজের প্রতিনিধিরা অংশ নিয়েছেন।

আগামী জাতীয় নির্বাচন নিয়ে প্রায় প্রতিদিনই সরকারের বৈঠক হচ্ছে জানিয়ে প্রেস সচিব বলেন, প্রধান উপদেষ্টা প্রধান মুহাম্মদ ইউনুস বারবার বলেছেন, নির্বাচন ফেব্রুয়ারিতেই হবে। সুষ্ঠু নির্বাচনের জন্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর আট লাখ সদস্য মাঠে থাকবেন।

'ভালো নির্বাচনের' জন্য রাজনৈতিক দল ও প্রার্থীদের সদিচ্ছা থাকতে হবে মন্তব্য করে তিনি বলেন, 'জনগণ যদি বলেন জলের তোড়ের মতো ভোট দিতে যায়, তাহলে কারও সাধ্য নেই নির্বাচনকে প্রলুব্ধ করার।'

ইউটিউবে এসে অনেকে মিথ্যা তথ্য ছড়িয়েছেন মন্তব্য করে শফিকুল আলম বলেন, ইউটিউবে যা হচ্ছে, তা রীতিমতো ভয়াবহ। এখনকার প্রজন্ম সংবাদমাধ্যম থেকে নিয়মিত তথ্য নেয় না। তারা ইউটিউব থেকে তথ্য নেয়। সেখানে কেউ কেউ নিয়মিত মিথ্যা তথ্য দিচ্ছেন। কোনো দেশের সরকার এগুলো সহ্য করে না। এটা নিয়ে কথা বলতে গেলেই বলা হবে, অন্তর্ভুক্তি সরকার মুক্ত গণমাধ্যমে বিশ্বাসী নয়।

প্রেস সচিব বলেন, অনেকে বলছে, সরকার কিছু করেনি। সেজন্য তারা 'ইমোশনাল' হয়ে না পাওয়ার বেদনা থেকে বলছে। সরকারের সফলতা ও ব্যর্থতার বিষয়ে বলতে হলে সব পরিসংখ্যান হিসাব করে বলতে হবে। বিপ্লবপরবর্তী সময়ে অনেক দেশে বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছে। বাংলাদেশে এমন কিছু হয়নি, এটাই সরকারের সবচেয়ে বড় সাফল্য।

ডাকসু নির্বাচন শান্তিপূর্ণ
হয়েছে : উপদেষ্টা পরিষদ

নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হওয়ায় স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরীকে ধন্যবাদ দিয়েছে উপদেষ্টা পরিষদ। গতকাল বৃহস্পতিবার ভেজপাওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে অনুষ্ঠিত উপদেষ্টা পরিষদের বৈঠকে এই ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

বৈঠক শেষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই তথ্য জানান প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। প্রেস সচিব জানান, ডাকসু নির্বাচন শান্তিপূর্ণভাবে হওয়ায় উপদেষ্টা পরিষদের বৈঠকে স্বরাষ্ট্র উপদেষ্টাকে ধন্যবাদ জানানো হয়।

উপদেষ্টা পরিষদের বৈঠকে নেপালের পরিস্থিতি নিয়েও জানানো হয়। সেখানে পররাষ্ট্র উপদেষ্টা বলেন, 'বিমানবাহিনী একটি বিশেষ বিমান দিয়েছে। আমরা আশা করছি আজকেই বাংলাদেশিরা ফেরত চলে আসবেন। আর নেপালের বিমানবন্দর আংশিক চালু হয়েছে। নেপালে আমাদের আশ্বাসি বাংলাদেশিদের দেখভাল করছে।' শফিকুল আলম বলেন, 'কিছু কিছু মেডিকেল কলেজে মানসম্পন্ন শিক্ষকের সংকট আছে। মেডিকেল কলেজে শিক্ষার মান হাতে আরও উন্নত হয়, যারা অবসরে গেছেন তাদের কীভাবে সংকটের জায়গাগুলোতে পুনরায় নিয়ে আসা যায়, সেই বিষয়ে আলোচনা করা হয়েছে।'

পুলিশের একটি স্বাধীন তদন্ত সার্ভিস গঠনের সিদ্ধান্ত নিয়েছে সরকার। গতকাল প্রধান উপদেষ্টার কার্যালয়ে অনুষ্ঠিত উপদেষ্টা পরিষদের সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনুস সভাপতিত্ব করেন। পরে করেন সার্ভিস একাডেমিতে আয়োজিত এক ব্রিফিংয়ে প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম বলেন, 'উপদেষ্টা পরিষদ সিদ্ধান্ত নিয়েছে পুলিশের একটি স্বাধীন তদন্ত সার্ভিস গঠন করা হবে, যাতে কোনো রাজনৈতিক বা অন্য কোনো প্রভাব ছাড়াই তদন্ত সম্পন্ন করা যায়।' এর পাশাপাশি পুলিশের ভেতরে অভ্যন্তরীণ অভিযোগ যাচাইয়ের জন্য একটি কমিশন গঠনের বিষয়েও নির্দেশনা দেওয়া হয়েছে। তিনি আরও জানান, 'এই দুই সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের জন্য আইন মন্ত্রণালয় কাজ করবে। এ কাজে উপদেষ্টা, অসিফ নজরুল, আদিলুর রহমান খান এবং প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী খোদা বখশ চৌধুরী যুক্ত থাকবেন।'

সভায় স্থানীয় সরকারকে শক্তিশালী করার বিষয়েও গুরুত্ব দেওয়া হয়। প্রেস সচিব বলেন, 'প্রধান উপদেষ্টা বারবার জোর দিয়েছেন যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোকে আরও ক্ষমতায়িত করতে হবে। ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন যেন নিজস্ব তহবিল সংগ্রহ ও স্বচ্ছভাবে পরিচালনা করতে পারে সে বিষয়ে নির্দেশনা দেওয়া হয়েছে।' স্বাস্থ্য খাত নিয়েও সভায় আলোচনা

এরপর পৃষ্ঠা ১১ কলাম ৪

ডাকসু নির্বাচন শান্তিপূর্ণ

শেষ পৃষ্ঠার পর

হয়। শফিকুল আলম জানান, 'কিছু মেডিকেল কলেজে যোগ্য শিক্ষকের সংকট রয়েছে। তাই অবসরপ্রাপ্ত শিক্ষকদের পরামর্শক বা অন্যান্যভাবে সম্পৃক্ত করে শিক্ষা কার্যক্রমের মান উন্নত করার উদ্যোগ নেওয়া হবে।' নেপালে অবস্থানরত বাংলাদেশিদের বিষয়েও সভায় আলোচনা করা হয়। প্রেস সচিব বলেন, 'নেপালে অবস্থানরত বাংলাদেশিরা ভালো আছেন, দূতাবাস তাদের দেখভাল করছে। ইতিমধ্যে বাংলাদেশ বিমানবাহিনীর বিশেষ ফ্লাইটে জাতীয় ফুটবল দলকে দেশে আনার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।' এ বৈঠক প্রসঙ্গে শফিকুল আলম আরও বলেন, 'আজকের (গতকাল) বৈঠকের প্রতিটি সিদ্ধান্ত বাংলাদেশের অর্থনীতি, শাসনব্যবস্থা ও আন্তর্জাতিক অঙ্গনে আমাদের অবস্থানকে আরও শক্তিশালী করবে।' ব্রিফিংয়ে প্রধান উপদেষ্টার উপ-প্রেস সচিব আবুল কালাম আজাদ মজুমদার উপস্থিত ছিলেন।



The Daily Sun

Independents sweep DU hall union polls

Chhatra Dal bags one VP post

Daily Sun Report, Dhaka

Independent candidates have secured a commanding majority in the 54 top positions – vice president (VP), general secretary (GS), and assistant general secretary (AGS) – of Dhaka University's 18 residential hall parliaments, leaving only one post for Chhatra Dal-backed contenders in this year's hall union elections.

In all five women's residential halls, however, the panels of independent candidates backed by the Bangladesh Democratic Students Council, the student wing of the National Citizen Party (NCP), swept the top three positions.

At Jagannath Hall, where Chhatra Dal-supported VP candidate Pallab Chandra Barman won with 918 votes, marking the student front's only success in the hall unions.

Independent candidates Sudipto Pramanik (GS, 846 votes) and Dweepjoy Sarkar Deepto (AGS, 773 votes) secured the other two posts in the hall.

In the women's halls, the panel backed by the Bangladesh Democratic Students Council dominated the elections, winning the top three positions across all five halls.

At Rokeya Hall, Fatematul Jannat Ima was elected VP with 941 votes, Cynthia Mehrin Sakal became GS with 1,961 votes, and Adiba Saima Khan secured AGS with 1,656 votes.

Kabi Sufia Kamal Hall elected Sanjana Akhter Chowdhury as VP (1,220 votes), Ruku Khatun as GS (1,249 votes), and Shimu Akhter as AGS (1,655 votes).

At Shamsun Nahar Hall, Quratul Ain Kaniz won VP (1,046 votes), Samia Masud Mom was GS (1,590 votes), and Noor Jannat Sujana became AGS (1,103 votes).

Kuwait Maltree Hall's winners were Rafia Rehnuma (VP, 771 votes), Nishita Zaman Niha (GS, 722 votes), and Tanzina Tammim Hafsa (AGS, 548 votes).

At Bangamata Sheikh Fazilatunnesa Mujib Hall, Tasnim Akhter Alif Nabila was elected VP with 518 votes, Miftahul Jannat became GS with 765 votes, and Rupa Akhter won AGS with 740 votes.

In the boys' halls, independent candidates dominated across the board.

Masterda Surya Sen Hall elected Azizul Haque as VP (692 votes), Mokhlesur Rahman as GS (482 votes), and Riaz Uddin Shakib as AGS (388 votes).

At Freedom Fighter Ziaur Rahman Hall, Md Mohiuddin became VP (461 votes), Asif Imam GS (424 votes), and Md. Fozael Ahmad AGS (450 votes).

Sheikh Mujibur Rahman Hall chose Md. Muslimur Rahman (VP, 608 votes), Ahmed Al Sabah (GS, 405 votes), and Mushfiq Tajwar Mahir (AGS, 613 votes).

Kabi Jasimuddin Hall's winners were Muhammad Osman Ghani (VP, 578 votes), Masum Abdullah (GS, 344 votes), and Hizbullah Al Hizal (AGS, 369 votes).

Bijoy Ekattar Hall elected Hassan Al Bannah (VP, 673 votes), Ashiq Billah (GS, 895 votes), and Imran Hossain (AGS, 547 votes).

Sir AF Rahman Hall's results saw Rafiqul Islam Rafiq as VP (461 votes), Habibullah Habib as GS (369 votes), and Abdullah Al Zubair as AGS (329 votes).

Haji Muhammad Muhsin Hall elected Sadiq Hossain (VP, 449 votes), Rafid Hasan Safwan (GS, 645 votes), and Mohammad Abdul Majid (AGS, 416 votes).

Salimullah Muslim Hall's winners were Zayedul Haque (VP, 254 votes), Sadman Abdullah (GS, 166 votes), and Shahin Alam (AGS, 102 votes).

At Shaheed Sergeant Zahurul Haque Hall, Ahsan Habib Imroz was elected VP (783 votes), Khaled Hasan GS (830 votes), and Farhaz bin Nur Nishan AGS (455 votes).

Fazlul Haque Muslim Hall saw Khandaker Md. Abu Nacem as VP (641 votes), Imamul Hasan as GS (568 votes), and Mohsin Uddin Shafi as AGS (571 votes).

At Amar Ekushey Hall, Rabiul Islam won VP (485 votes), Md. Rabiul Islam GS (371 votes), and Obaidur Rahman Hasib AGS (535 votes).

Shahidullah Hall elected Tarekul Islam as VP (710 votes), Tauqir Hasan as GS (565 votes), and Ibrahim Shikar as AGS (657 votes).

The DUCSU and hall union elections were held on Tuesday across eight Dhaka University centres from 8am to 4pm. Counting took place in the evening, and results were officially declared later that night.



প্রথম আলো



রাজধানীর রায়েরবাজারের শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে গিয়ে দোয়া ও মোনাজাত করেন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে জয়ী ছাত্রশিবির-সমর্থিত প্যানেল 'ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোট'-এর নেতারা। গতকাল সকালে। ছবি : প্রথম আলো

বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মোনাজাত

ডাকসুর শিবির-সমর্থিত প্যানেল

প্যানেলের নেতারা প্রথমে জুলাই গণ-অভ্যুত্থানে শহীদদের কবরস্থানে এবং পরে বুদ্ধিজীবী স্মৃতিসৌধে যান।

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

মহান মুক্তিযুদ্ধ ও জুলাই গণ-অভ্যুত্থানে শহীদদের জন্য দোয়া-মোনাজাত করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে জয়ী ছাত্রশিবির-সমর্থিত প্যানেলের নেতারা। গতকাল বৃহস্পতিবার তাঁরা সেখানে যান।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, গতকাল সকালে এই নেতারা প্রথমে রাজধানীর রায়েরবাজারে জুলাই গণ-অভ্যুত্থানে শহীদদের কবরস্থানে গিয়ে দোয়া-মোনাজাত করেন। এরপর তাঁরা রায়েরবাজারে শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে গিয়ে দোয়া ও মোনাজাত করেন। এ সময় ডাকসুর নবনির্বাচিত সহসভাপতি (ভিপি) আবু সাদিক কায়েম, সাধারণ

সম্পাদক (জিএস) এস এম ফরহাদ, সহসাধারণ সম্পাদক (এজিএস) মুহা. মহিউদ্দীন খানসহ এই প্যানেলের বিজয়ী অন্য নেতারা উপস্থিত ছিলেন।

পরে রায়েরবাজার থেকে পুরান ঢাকার বেগম বাজার এলাকায় নবাব স্যার খাজা সলিমুল্লাহর কবরে গিয়েও দোয়া ও মোনাজাত করেন তাঁরা।

জুলাই গণ-অভ্যুত্থানে শহীদদের কবরস্থানে দোয়া ও মোনাজাত শেষে আবু সাদিক কায়েম বলেন, জুলাই শহীদদের আকাজক্ষা ও প্রত্যাশা পূরণ করাই তাঁদের মূল কাজ। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে তাঁরা সেটি শুরু করতে চান। এখানেই জুলাই বিপ্লব শুরু হয়। আর সফলতার সঙ্গে তাঁরা তা শেষ করেন। মুক্তিকামী ছাত্র-জনতাসহ সবার কাছে তাঁরা দোয়া চান। শিক্ষার্থীরা যেকোনো সময় তাঁদের প্রণয় করতে পারবেন। তাঁদের কাজ হচ্ছে কাজ করে যাওয়া।

ডাকসুর নবনির্বাচিত ভিপি বলেন, 'শহীদেরা আমাদের প্রেরণার বাতিঘর। তাঁরা আমাদের রাস্তা দেখিয়েছেন। শহীদদের আমানত বৈষম্যহীন বাংলাদেশ বিনির্মাণ করা। সেই স্পিরিট পুনর্জাগরণে আমরা শহীদদের কবর জিয়ারত করতে এসেছি। আমরা সব শহীদ পরিবারে যাওয়ার চেষ্টা করব। ফোনেও কথা বলার চেষ্টা করছি। জুলাইয়ে

শহীদদের পরিবারই আমাদের পরিবার।'

দোয়া-মোনাজাত শেষে নবনির্বাচিত জিএস এস এম ফরহাদও তাঁদের কর্মপরিকল্পনা সম্পর্কে কথা বলেন। তিনি বলেন, আজকে তাঁরা একাত্তরের মুক্তিযুদ্ধ ও জুলাই শহীদদের কবর জিয়ারতের মধ্য দিয়ে তাঁদের প্যানেলের বিজয়-পরবর্তী কাজগুলো শুরু করেছেন। এরপর তাঁরা শিক্ষার্থীদের কথা শুনবেন। আনুষ্ঠানিকভাবে দায়িত্ব নেওয়ার আগে নির্বাচিত হিসেবে তাঁরা সবার সঙ্গেই কথা বলবেন। তাঁরা তাঁদের দীর্ঘ লড়াই-সংগ্রামের শহীদদের জন্য দোয়া করার মাধ্যমে কাজটি শুরু করেছেন।

এস এম ফরহাদ বলেন, 'শহীদদের আত্মত্যাগের যে আমানত আমাদের ওপর অর্পিত হয়েছে, সুন্দর ক্যাম্পাস গড়ার জন্য, তাঁদের আত্মত্যাগের মূল্য যাতে আমরা আমাদের কাজের মাধ্যমে দিতে পারি। শিক্ষার্থীদের দেওয়া প্রতিশ্রুতি রক্ষার মধ্য দিয়ে আমরা সেটি যাতে জারি রাখতে পারি।'

গত মঙ্গলবার অনুষ্ঠিত ডাকসু নির্বাচনে বিশাল জয় পেয়েছে ইসলামী ছাত্রশিবির। নির্বাচনে তাদের প্যানেলের নাম ছিল 'ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোট'। এই প্যানেলের প্রার্থীরা ভিপি, জিএস, এজিএসসহ ২৮টি পদের মধ্যে ২৩টিতেই জিতেছেন।



২৮ ভাদ্র ১৪৩২

DU in Media

12 September 2025

আমার দেশ



গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নূরকে হাসপাতালে দেখতে গিয়ে মোমজ্বালাতে কান্নায় ভেঙে পড়েন ডাকসুর নবনির্বাচিত ডিপি সাদিক কায়েম

ডাকসুর নবনির্বাচিত ডিপি বললেন জুলাই শহীদদের আকাঙ্ক্ষা অনুযায়ী ক্যাম্পাস সাজাব

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) নবনির্বাচিত সহসভাপতি (ডিপি) সাদিক কায়েম শিক্ষার্থীদের অবিচল সেবা দেওয়ার অঙ্গীকার করে বলেন, যে কোনো সময় শিক্ষার্থীরা আমাদের প্রেরণ করতে পারবেন। কাজ করাই আমাদের লক্ষ্য। আশা করি জুলাই শহীদদের আকাঙ্ক্ষা অনুযায়ী ক্যাম্পাসকে সাজাতে পারব। আমাদের লক্ষ্য স্বপ্নের ক্যাম্পাস নির্মাণ করা।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর রায়েরবাজারে শহীদদের কবর জিয়ারতের পর তিনি এসব কথা বলেন। এ সময় জিএস এসএম ফরহাদ উপস্থিত ছিলেন। তারা দুজন শিক্ষার্থীদের নিরবচ্ছিন্ন সেবা দেওয়ার পাশাপাশি জুলাই বিপ্লবের শহীদদের সন্মান জানানোর প্রতিশ্রুতি দেন।

'ত্রিকাবন্ধ শিক্ষার্থী জোট' প্যানেল জুলাই বিপ্লব এবং ১৯৭১ মুক্তিযুদ্ধের শহীদদের সমাধি জিয়ারতের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে তাদের কার্যক্রম শুরু করে।

এই বিপ্লবে দুই হাজার শিক্ষার্থী নিহত। যা গণতান্ত্রিক পরিবর্তনের জন্য শিক্ষার্থীদের অভ্যুত্থানের প্রতীক। এই শহীদদের আমাদের প্রেরণার বাতিঘর।

পৃষ্ঠা ১৫ : কলাম ৫